**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

অগ্রহায়ণ ১০, ১৪২৮
তারিখ : -------------------
নভেম্বর ২৫, ২০২১

এফই সার্কুলার পত্র নম্বর - ৩১

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

দেশিয় বস্ত্রখাতসহ প্রযোজ্য সকল খাতে নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ০৭, তারিখ জুন ০৩, ২০০৩ এর ০২(২) নম্বর অনুচ্ছেদ এবং সার্কুলার পত্র নম্বর- এফইপিডি(রপ্তানী-১)২৯১/২০০৪-১৬৪, তারিখ মার্চ ১৫, ২০০৪ এর ০৩ নম্বর অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা অনুযায়ী নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনার আবেদনপত্র বিবেচনার ক্ষেত্রে রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয় কিংবা রপ্তানি পরবর্তী পর্যায়ে ব্যাংকের মাধ্যমে প্রেরিত ডকুমেন্টারি কালেকশনের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয় প্রত্যাবাসনের অন্যতম ব্যবস্থা হিসেবে বিবেচিত হয়ে থাকে। আলোচ্য ব্যবস্থা অন্যান্য কতিপয় খাতেও প্রযোজ্য রয়েছে।

০৩। রপ্তানি আয় প্রত্যাবাসনের ব্যবস্থার বিষয়ে এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট এফই সার্কুলার/সার্কুলার পত্রে উল্লিখিত টিটি পদ্ধতিসহ অন্যান্য ব্যবস্থার পাশাপাশি রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলাদির বিপরীতে প্রত্যাবাসিত (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানি আয় প্রত্যাবাসন ব্যবস্থা হিসেবে অপরাপর সকল খাতে প্রযোজ্য হবে।

নগদ সহায়তা/রপ্তানি প্রণোদনা সংক্রান্ত অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩